# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ড্রেজার স্টোর বিভাগ
বাপাউবো, নারায়নগঞ্জ।
ফোন ঃ ০২-৭৬৩০৫০৮

**Office of The Executive Engineer**
Dredger Store Division
BWDB, Narayanganj
Phone:02-7630508
Email: xendredgerstore@gmail.com


স্মারক নং-৪২.০১.৬৭০০.২৯৮.৩৯.০০৩.২৫- ১৩১ তারিখ ঃ ০৩/১২/২০২৫খ্রিঃ

**"পিপিআর-২০২৫ মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতিতে(LTM) পণ্য, কার্য, ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে সামাজিক ক্রয় ক্যাটাগরী'র মাধ্যমে সংরক্ষিত ক্রয়কার্যের জন্য ঠিকাদার তালিকাভুক্তি করণের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ (PPR-2025) এর আলোকে **সীমিত দরপত্র পদ্ধতির (LTM)** আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২০২৬ খ্রিঃ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানকে **সামাজিক ক্রয় ক্যাটাগরী'র** মাধ্যমে সংরক্ষিত ক্রয়কার্যের জন্য নতুন তালিকাভুক্তি করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪ তারিখ ঃ ২০/০৭/২০২০ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী প্রতিসেট নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে আবেদন ফি উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়নগঞ্জ এর অনুকূলে জমাপ্রদান করে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদন পত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকভুক্তি ফরম সরবরাহ ও গ্রহণ করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদন ফরম বিক্রয়ের তফসিলঃ**

| ক্রঃ নং | তালিকভুক্তির ধরণ | ফরম বিক্রয়ের আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য/পণ্য) | ০৪/১২/২০২৫ খ্রিঃ | ১৮/১২/২০২৫ খ্রিঃ | ১৮/১২/২০২৫ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা |
| | | সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত অন্যান্য সকল দিন সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত। | | |

**ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভুক্তির (কার্য/পণ্য) তফসিলঃ**

| | |
|---|---|
| ১। আবেদনকারীর যোগ্যতা | **১. অতি ক্ষুদ্র ও ক্ষুদ্র প্রতিষ্ঠান (Micro and small enterprise):** দরপত্র আহবানের তারিখ হতে পূর্বেকার ৩ (তিন) বছরে যেই সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান এই বিধিমালার অধীনে ক্রয়ের ধরন নির্বিশেষে সমষ্টিগতভাবে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা মূল্যের ক্রয় চুক্তিতে আবদ্ধ হওয়ার সুযোগ পেয়েছেন। সেক্ষেত্রে দরপত্র আহবানের তারিখের পূর্ববতী তিন বছরের জন্য চুক্তি সম্পাদনের তথ্য জমা দিতে হবে।**(Tenderer have to submit contract award information for the last three year period from the date of invitation for Tender (IFT)** দরপত্র দলিলে উল্লেখ করতে হবে।<br><br>**২. নারী-মালিকানাধীন প্রতিষ্ঠান (Women-owned enterprise):** যেই সকল একক মালিকাধীন প্রতিষ্ঠানের মালিক একজন নারী। সেক্ষেত্রে নারী মালিকের একক স্বত্তাধিকার এর প্রমাণ সম্বলিত তথ্যাদি দিতে হবে। **(Documentation substantiating the female proprietor status.)**<br><br>**৩. নতুন প্রতিষ্ঠান (New enterprise):** দরপত্র আহবানের তারিখ হতে পূর্বেকার ২ (দুই) বছরে যেই সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান তাদের প্রথম ব্যবসা নিবন্ধন লাভ করেছেন। **(Documentation confirming the date of the first business registration, i.e Trade License.)** |
| ২। প্রয়োজনীয় কাগজ পত্র | ১। নির্ধারিত আবেদন ফর্ম, ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ও **BIN Certificate**, ৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৪। ১০.০০(দশ লক্ষ) টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/বিবরণী, ৫। যন্ত্রপাতি ও জনবলের তালিকা ৬। জাতীয় পরিচয় পত্র, ৭। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, ৮। ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা। |
| ৩। আবেদন ফি (প্রতি সেট) | ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়নগঞ্জ এর অনুকূলে ইস্যুকৃত। |

| | |
|---|---|
| ৪। তালিকাভুক্তির নিবন্ধন ফি (প্রাথমিক মূল্যায়নের উত্তীর্ণের পরে) | উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়নগঞ্জ এর অনুকূলে ৫০০০/-( পাঁচ হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আলাদাভাবে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় জমা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে নিবন্ধন ফি বাবদ ৩০০০/-(তিন হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়নগঞ্জ এর অনুকূলে এবং ১৫% ভ্যাট বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আলাদাভাবে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় জমা প্রদান করতে হবে। |

**ইতিপূর্বে ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর স্মারক নং-৪২.০১.৬৭০০.২৯৮.৩৯.০০১.২৫.১০৫, তারিখ ঃ ১৮/১১/২০২৫ খ্রিঃ এ ইস্যুকৃত দপ্তরাদেশ অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থ বছরের ড্রেজার স্টোর বিভাগের আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) কার্য ও পণ্য সরবরাহ নেওয়ার ক্ষেত্রে নতুন তালিকাভুক্তি/নবায়ন এর নিমিত্ত চুড়ান্তভাবে মনোনয়নকৃত ঠিকাদারগণের নতুন করে আবেদনের প্রয়োজন নেই।**

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীগণের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদন গ্রহন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)অংশগ্রহনের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

০৩/১২/২৫
(মোঃ নূর উদ্দিন আহমদ)
পরিচিতি নং-৬৭০১২০০০১
নির্বাহী প্রকৌশলী(চঃদাঃ)
ড্রেজার স্টোর বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

স্মারক নং-৪২.০১.৬৭০০.২৯৮.৩৯.০০৩.২৫-১৩১ তারিখ ঃ ০৩/১২/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হইল ঃ

১. অতিঃ প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়নগঞ্জ।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়নগঞ্জ।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৪. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), ড্রেজার, বাপাউবো, নারায়নগঞ্জ।
৭. উপ-বিভাগীয় প্রকৌশলী, ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়নগঞ্জ।
৮. প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী, ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়নগঞ্জ।
৯. দপ্তর নথি।

০৩/১২/২৫
নির্বাহী প্রকৌশলী
ড্রেজার স্টোর বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।